

## গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

প্লট নং-এফ, ১৮/এ, শের-ই-বাংলানগর, প্রশাসনিক এলাকা, আগারগাঁও, ঢাকা-১২০৭।

**বিষয়ঃ ০৬-০৪-২০২২ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন টিম সভার কার্যবিবরণী।**

**সভাপতি :** পরিচালক (অপারেশন), জিটিসিএল ও আহ্বায়ক, ইনোভেশন টিম।

**সভার তারিখ :** ০৬-০৪-২০২২

**সভার সময় :** সকাল ১১:০০ ঘটিকা

**স্থান :** পরিচালকের (অপারেশন) দপ্তর (লেভেল-৫), জিটিসিএল।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' হিসেবে সংযুক্ত।

### ১। ভূমিকাঃ

সরকারি কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির মাধ্যমে সুশাসন সংহতকরণে জনপ্রশাসনে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন চর্চার গুরুত্ব অপরিসীম। ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন অনুশীলনে, সেবা সহজিকরণ এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার উল্লেখযোগ্য। দপ্তরসমূহের সেবা প্রদান প্রক্রিয়া সহজিকরণ এবং কাজের অভ্যন্তরীণ প্রক্রিয়ায় গুণগত পরিবর্তন আনয়নের লক্ষ্যে প্রশাসন বিভাগের অফিস আদেশ নং- ৬৩/২০১৫ ও সূত্র নং- ২৮.১৪.০০০০.১০৮.০৯.০২৩.১৫.৪০১; তারিখঃ ০৪-০৬-২০১৫ এবং অফিস আদেশ নং-২১/২০১৬ ও সূত্র নং-২৮.১৪.০০০০.১০৮.০৯.০০৫.১৬.৮২; তারিখঃ ২৮-০১-২০১৬ এর মাধ্যমে জিটিসিএল কর্তৃক গঠিত ইনোভেশন টিমের একটি সভা পরিচালক (অপারেশন), জিটিসিএল ও আহ্বায়ক, ইনোভেশন টিমের সভাপতিত্বে গত ০৬-০৪-২০২২ তারিখে কোম্পানির প্রধান কার্যালয়ে পরিচালকের (অপারেশন) দপ্তরে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ইনোভেশন টিমের সকল সদস্য উপস্থিত ছিলেন।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং উপ-মহাব্যবস্থাপক (আইসিটি), জিটিসিএল ও ইনোভেশন টিমের সদস্য-সচিব-কে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে আলোচনা করতে অনুরোধ করেন। ইনোভেশন টিমের সদস্য-সচিব সভায় অবহিত করেন যে, জিটিসিএল এর বিদ্যমান পাইপলাইনসমূহের নিরাপত্তা নিশ্চিতকরণে পেট্রোলম্যানদের যথাযথভাবে তদারকিকরণের লক্ষ্যে জিপিএস ট্র্যাকিং/ এসেট ট্র্যাকিং সিস্টেম-এর পাইলটিং প্রকল্প বাস্তবায়ন গত ২৩-১১-২০২১ তারিখে সম্পন্ন হয়েছে। বর্তমানে সংশ্লিষ্ট ডিপার্টমেন্ট কর্তৃক বিকেবি-ডেমরা ও আনোয়ারা-ফৌজদারহাট গ্যাস ট্রান্সমিশন পাইপলাইন এর পেট্রোলিং কাজে নিয়োজিত পেট্রোলম্যানদের দৈনিক পেট্রোলিং কাজ জিপিএস ট্র্যাকিং/ এসেট ট্র্যাকিং ডিভাইস ব্যবহার করে মনিটরিং করা হচ্ছে। এছাড়া, আলোচনায় ২০২১-২২ অর্থবছরে জিটিসিএল এর কর্মকর্তা / কর্মচারী হতে প্রাপ্ত কিছু ইনোভেটিভ আইডিয়ার বাস্তবায়নযোগ্যতা পর্যালোচনা করা হয়।

### ২। আলোচনাঃ

২০২১-২২ অর্থবছরে জিটিসিএল এর কর্মকর্তা / কর্মচারী হতে প্রাপ্ত নিম্নোক্ত আইডিয়াগুলো নিয়ে ইনোভেশন টিম এর পর্যবেক্ষণ নিম্নরূপঃ

ক্রমিক নং	প্রেরক	প্রস্তাবিত ইনোভেটিভ আইডিয়া	ইনোভেশন টিমের পর্যবেক্ষণ
১	স্বাগতম তালুকদার, ব্যবস্থাপক (পোস্টিং এন্ড প্রমোশন-কর্মচারী)	জিটিসিএল ভবনের গ্রাউন্ড ফ্লোরে (নীচ তলায়) লিফটের সামনে বৈদ্যুতিক পাখা স্থাপন।	ডিজাইন এন্ড ডেভেলপমেন্ট ডিভিশন হতে এ বিষয়ে কারিগরি মতামত পাওয়া গেছে। কর্তৃপক্ষের অনুমোদনের জন্য নথিটি প্রেরণ করা হয়েছে।


Chslaw

ক্রমিক নং	প্রেরক	প্রস্তাবিত ইনোভেটিভ আইডিয়া	ইনোভেশন টিমের পর্যবেক্ষণ
২	মহেশখালী জিরো পয়েন্ট প্রকল্প সেল	মহেশখালী জিরো পয়েন্ট (কালাদিয়ার চর)-জিটিসিএল প্ল্যাটফর্ম গ্যাস স্থাপনায় Explosion Proof ও Water Proof IP Camera with alarm system স্থাপন যা জিটিসিএল হেড অফিস ও মহেশখালী CTMS কন্ট্রোল রুম হতে মনিটরিং করা যাবে।	২০২২-২০২৩ অর্থবছরে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার আওতায় উক্ত আইডিয়াটি বাস্তবায়ন করা যেতে পারে।

### ৩। সিদ্ধান্তঃ

উদ্ভাবনী ধারণা অথবা সেবা সহজীকরণ সম্ভব এমন প্রস্তাবনা আগামী ৩০-০৬-২০২২ তারিখের মধ্যে জমাদানের জন্য গত ৩১ মার্চ ২০২২ তারিখে সকল ডিভিশন ও প্রকল্পে চিঠি প্রেরণ করা হয়েছে। ইতোমধ্যে কিছু ইনোভেটিভ আইডিয়া পাওয়া গিয়েছে। প্রাপ্ত আইডিয়া ও আগামী ৩০-০৬-২০২২ তারিখের মধ্যে নতুন প্রাপ্ত সকল আইডিয়া হতে বাস্তবায়নযোগ্য একটি আইডিয়া নির্বাচন করে পরবর্তী ২০২৩-২০২৪ অর্থবছরে বাস্তবায়ন করা হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
২০. ৪. ২০২২

(ইঞ্জিঃ মোঃ তাজুল ইসলাম মজুমদার)  
পরিচালক (অপারেশন), জিটিসিএল  
ও আহ্বায়ক, ইনোভেশন টিম

### বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

- ১। সকল মহাব্যবস্থাপক/পরিচালক, জিটিসিএল।
- ২। সকল প্রকল্প পরিচালক, জিটিসিএল।
- ৩। সকল উপ-মহাব্যবস্থাপক, জিটিসিএল।
- ৪। ফোকাল পয়েন্ট/ সদস্য-সচিব (এনআইএস/জিআরএস/সিটিজেন চার্টার/ এপিএ কমিটি), জিটিসিএল

### অনুলিপি:

- ১। উপ-ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালক-এর দপ্তর, জিটিসিএল।
- ২। অফিস কপি।